দৈনিক জনকণ্ঠ

150

তারিখ ... APR 20 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 9

# ছাত্রদল-ছাত্রলীগ উত্তেজনা রাজশাহী বিআইটি বন্ধ ঘোষণা

রাজশাহী, ১৯ এপ্রিল (নিজস্ব সংবাদদাতা) ॥ ছাত্রদল-ছাত্রলীগকর্মীদের মধ্যকার ক্রমবর্ধমান উত্তেজনার প্রেক্ষিতে ভয়াবহ সংঘর্ষ এড়াতে রাজশাহী বিআইটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। সোমবার সকালে রাজশাহী বিআইটির পরিচালক জি এম হাবিবুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের সকাল ১১টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়।

বিআইটি'র পরিচালক জানান, গত ১৬ এপ্রিল ছাত্রদলের জনৈক নেতার স্ত্রীকে মহিলা হলে রাখার মতো তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রলীগকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এর পর পরিস্থিতি দ্রুত অবনতি ঘটায় মহানগর পুলিশ শহীদ লেঃ সেলিম হল থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার এবং ১৬ জন ছাত্র ও বহিরাগতকে গ্রেফতার করে। পরে তাদেরকে কর্তৃপক্ষের সুপারিশে ছেড়ে দেয়া হয়।

এদিকে এই ঘটনায় সোমবার পুলিশ দু'ছাত্রদল নেতাকে গ্রেফতার করে জেল-হাজতে প্রেরণ করে। গ্রেফতারকৃতরা হচ্ছে ছাত্রদল সেলিম হল শাখার সহসভাপতি সাইদুর রহমান (যন্ত্রকৌশল, ৪র্থ বর্ষ) ও আকিক হোসেন নভেল (২য় বর্ষ, যন্ত্র কৌশল)। এ ব্যাপারে মতিহার থানায়, অস্ত্র আইনে একটি মামলা হয়েছে।

অন্যদিকে রবিবার এ ব্যাপারে পুলিশের একটি সূত্র ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষের কথা জানালেও সোমবার বিআইটি কর্তৃপক্ষ ছাত্রদল ও ছাত্রলীগের মধেকার সংঘর্ষের কথা বলেছে।